



নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ

NORTH EAST UNIVERSITY BANGLADESH (NEUB)

SYLHET, BANGLADESH.

তারিখ- ১৬/১০/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ-এর স্থায়ী ক্যাম্পাসের নির্মাণ কাজের উদ্বোধন

গত ১৫ আক্টোবর ২০১৬, শনিবার গোলাপগঞ্জ উপজেলার হেতিমগঞ্জ -এ নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এম.পি। নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ এর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান অ্যাডভোকেট ইকবাল আহমদ চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ এর উপচার্য প্রফেসর ড. আতফুল হাই শিবলী।

প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, আমি এ এলাকার সন্তান ও এলাকার একজন কর্মী। সিলেটের নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ-এর বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান জনাব এডভোকেট ইকবাল আহমদ চৌধুরী ও অন্যান্য ট্রাস্টিদের উপর আমার অনেক আস্থা রয়েছে। সেই আস্থা থেকেই আমি উপজেলা পর্যায়ে দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস সিলেটের গোলাপগঞ্জে স্থাপন করার জন্য অনুমোদন দিয়েছি। আমি সিলেটের গোলাপগঞ্জে বিশ্ববিদ্যালয় অনুমোদন দিতে পেরে গর্বিত। ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আরো বলেন, যে জ্ঞান বাস্তবে প্রয়োগ করা যায় না সেজ্ঞান সম্পূর্ণ অর্থহীন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ক্ষেত্রে আমাদের দৃষ্টি ভঙ্গি বদলাতে হবে। বিশ্ববিদ্যালয় হবে জ্ঞান চর্চা কেন্দ্র, অনুসন্ধান আর গবেষণার কেন্দ্রবিন্দু। আমাদেরকে দারিদ্র, দুর্নীতি পেছনে ফেলে উন্নত বাংলাদেশ গড়ার জন্য যথার্থ জ্ঞান অর্জন করতে হবে। আমাদেরকে লক্ষ্য রাখতে হবে দেশকে এগিয়ে নেয়ার পাশাপাশি নতুন প্রজন্মকে এগিয়ে নেওয়া।

সভাপতির বক্তব্যে নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ এর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান অ্যাডভোকেট ইকবাল আহমদ চৌধুরী বলেন, ২০১২ সালের ৯ জুন শিক্ষামন্ত্রীর হাত ধরেই এ বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয়েছিল। ইতোমধ্যে এ বিশ্ববিদ্যালয়টি সিলেটে ব্যাপক সফলতা অর্জন করেছে। আমার মরহুমা স্ত্রীর জমির উপর নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ-এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণ কাজ শুরু করতে পেরে আমি গর্বিত। আজ এ বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের আনুষ্ঠানিক যাত্রা মাননীয় শিক্ষামন্ত্রীর মাধ্যমে শুরু করতে পেরে আমি গর্বিত।

ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন- সিলেট বিভাগীয় কমিশনার জামাল উদ্দিন আহমেদ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আমিনুল হক ভূঁইয়া, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর গোলাম শাহী আলম, সিলেট উইমেন্স মেডিকেল কলেজের চেয়ারম্যান ওয়ালি তছর উদ্দিন, গোলাপগঞ্জ পৌরসভার মেয়র সিরাজুল জব্বার চৌধুরী, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠান শেষে উপস্থিত সবাইকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ এর ট্রেজারার এ. এফ. মুজতাহিদ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের প্রভাষক ফাতেমা রশিদ সাবা।

Present Address : Telihaor, Sheikghat, Sylhet-3100, Bangladesh

Phone : 0821-710221-2, Fax : 0821-710223, Mobile : 01755-566994, E-mail : info@neub.edu.bd

Website : www.neub.edu.bd